গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
(কাস্টমস ও ভ্যাট প্রশাসন-৪ শাখা)
www.nbr.gov.bd

সিস্টেমস ম্যানেজার দপ্তর, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। ডাইরী নং: ১৯১৮২৬ তারিখ:

নম্বর: ০৮.০১.০০০০.০০০.০১৪.০৭.০০০১.২৪/ ১৮৭

তারিখঃ ০৪ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
১৯ আগস্ট, ২০২৬ খ্রিঃ

**প্রজ্ঞাপন**

বিষয়ঃ তৃতীয় শ্রেণির মিনিস্ট্রিয়াল ও নির্বাহী কর্মচারীদের দ্বিতীয় শ্রেণীর 'সহকারী রাজস্ব কর্মকর্তা' পদে বিভাগীয় পদোন্নতির ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের নীতিমালার অনুচ্ছেদ ৪ এর (১) এর বিষয়ে দিক নির্দেশনা।

সূত্র: কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম থেকে প্রাপ্ত পত্র নং: ০৮.০১.২০০০.০৩৩.০১৯.১২.০০০২.২৬.২/১৮৪৫, তারিখ: ১০/০৮/২০২৬খ্রি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ইতোপূর্বে জারীকৃত প্রজ্ঞাপন নং:০৮.০১.০০০০.০০০০.০১৩.০৮.০০০৪.২৪/২০৫, তারিখ ২৫ জুন, ২০২৫ খ্রি. নিম্নরূপে সংশোধন করা হলো।

উক্ত বিধিমালার অনুচ্ছেদ ৪ এর (১) এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ৪ (১) প্রতিস্থাপিত হবে, যথা:-

ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুল্ক, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী আইন, ২০০০ এর অধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিল ট্রাইব্যুনাল, জাতীয় রাজস্ব বোর্ড ও উহার অধস্তন দপ্তর [যথাঃ কাস্টমস হাউস, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, অধিদপ্তর, পরিদপ্তর এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি] এর নিম্নোক্ত কর্মচারীগণ তাঁদের ফিডার পদে চাকুরিকালের বিপরীতে নিম্নোক্ত টেবিলের (৩) নং কলামে উল্লিখিত ন্যূনতম চাকুরিকাল পূর্ণ হওয়ার শর্ত সাপেক্ষে পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন।

| পদের নাম | ফিডার পদে চাকুরিকাল | পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ন্যূনতম চাকুরিকাল | মন্তব্য/ব্যাখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (ক) অফিস সুপারিনটেনডেন্ট, প্রধান সহকারী, সাঁট-লিপিকার, উচ্চমান সহকারী, সাঁট-মুদ্রাক্ষরিক, কম্পিউটার অপারেটর, ডাটা এন্ট্রি অপারেটর, সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর, টার্মিনাল অপারেটর, পরিসংখ্যান অনুসন্ধায়ক, লাইব্রেরিয়ান, একাউন্ট্যান্ট, ক্যাশিয়ার | ০৫ (পাঁচ) বৎসর | ০৩ (তিন) বৎসর | তৃতীয় শ্রেণীভুক্ত এক পদ হইতে অন্য পদে পদোন্নতিপ্রাপ্ত কর্মচারীদের ক্ষেত্রে পূর্ব পদের চাকরিকালকে বিবেচনায় নিয়ে ন্যূনতম চাকরিকাল হিসাবে গণ্য করা হইবে। |
| (খ) অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, নক্সাবিদ, পাঞ্চকার্ড অপারেটর, পেশকার, রেকর্ডকীপার | ০৭ (সাত) বৎসর | ০৫ (পাঁচ) বৎসর | |
| (গ) স্টোর কিপার, সিপাই, টেলিফোন অপারেটর, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, রেডিও অপারেটর | ১০ (দশ) বৎসর | ০৮ (আট) বৎসর | |
| (ঘ) সিপাই পদ হইতে পদোন্নতিপ্রাপ্ত সাব-ইন্সপেক্টর | ৪ (চার) বৎসর | ০২ (দুই) বৎসর | |

০২। এই নীতিমালা "বিভাগীয় পদোন্নতি পরীক্ষা (সহকারী রাজস্ব কর্মকর্তা) নীতিমালা, ২০২৫" তারিখ: ২৫ জুন, ২০২৫ খ্রি. হতে কার্যকর বলে গণ্য হবে।

১৯.০৮.২০২৬
(মোহাম্মদ লুৎফর রহমান)
সদস্য (কাস্টমস ও ভ্যাট প্রশাসন)

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।**

০১। সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি/কাস্টমস ও ভ্যাট প্রশাসন/কাস্টমস নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য/কাস্টমস রপ্তানি, বন্ড ও আইটি/মূসক নীতি/মূসক নিরীক্ষা/মূসক বাস্তবায়ন ও আইটি/বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০২। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর, আপিল ট্রাইব্যুনাল, ঢাকা।

০৩। স্থায়ী প্রতিনিধি, ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন, ব্রাসেলস, বেলজিয়াম।

০৪। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি,কমলাপুর/পানগাঁও/ভোমরা/আইসিডি, চট্টগ্রাম।

০৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ভ্যাট ও কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম), ঢাকা/গাজীপুর/নারায়ণগঞ্জ/বরিশাল/কক্সবাজার/চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা/সিলেট/যশোর/রংপুর/কুমিল্লা/।

০৬। কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ), ঢাকা/চট্টগ্রাম।

০৭। কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা/কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা/ইকোনোমিক জোন কমিশনারেট, ঢাকা।

০৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-১/চট্টগ্রাম/খুলনা।

০৯। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/মূল্য সংযোজন কর নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম/গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১০। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (**প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**)।

১১। প্রধান অ্যাকাউন্টস ও ফিন্যান্স কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।

১২। প্রথম সচিব (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।

১৪। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা **(বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রজ্ঞাপনটি প্রকাশের অনুরোধসহ)।**

১৫। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা **(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।**

১৬। অফিস কপি।

২৭/০৬/২০২৪

(মোঃ নূরুল আমীন)
দ্বিতীয় সচিব (কাঃভঃপ্রঃ-৪)